

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেষ্টার

কোর্স কোড : BNG-G-CC-T-4

(বাংলা উপন্যাস, নাটক ও প্রবন্ধ)

পূর্ণমান : ৬০

সময় : $2\frac{1}{2}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

- ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের রচয়িতা কে? উপন্যাসটি কি জাতীয় উপন্যাস বলে তোমার মনে হয়?
- খ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে কয়টি খন্দ ও পরিচ্ছেদ আছে?
- গ) নবকুমারের নিবাস কোথায় ছিল? তিনি কোন্ শ্রেণীর ব্রাহ্মণ ছিলেন?
- ঘ) ‘একেই কি বলে সভ্যতা?’ প্রহসনে কয়টি অঙ্ক ও কয়টি গৰ্ভাঙ্ক আছে?
- ঙ) ‘একেই কি বলে সভ্যতা?’ প্রহসনের দুটি পুরুষ চরিত্রের নাম লেখো।

(পরের পাতায়)

- চ) “কি সর্বনাম! তবে এখন এর উপায় কি?”—কীসের
সর্বনাম? কথাটি কে বলেছিল?
- ছ) ‘জ্ঞানতরঙ্গিনী’ সভাটির স্থান কোথায় নির্বাচন করা হয়?
- জ) “এখন আমার বাড়ী থেকে বেরনো ভার!”—কার, কেন
বাড়ী থেকে বেরোনো ভার ছিল?
- ঝ) ‘পটুয়া শিঙ্গ’ প্রবন্ধটি কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
- ঞ) “আদর্শ বিচ্যুত হল ছবি।”—ছবি কেন আদর্শ বিচ্যুত
হল?
- ট) ‘সব ছবিরই দুটো দিক থাকে’—দিক দুটি কী কী?
- ঠ) ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধটি কোন্ প্রবন্ধ গ্রন্থের
অন্তর্গত? তার প্রকাশকাল লেখো।
- ড) ‘যে ধনীর কীর্তি নেই, হাতে কর্ম নেই’ তাদের সবচেয়ে
কীসের প্রয়োজন হয়?
- ঢ) ‘বিবেচনা ও অবিবেচনা’ প্রবন্ধটি রবীন্দ্রনাথ কোন্ সময়
রচনা করেছিলেন?
- ণ) “তবুও পটের ছবি সজ্জান ছিল না।”—তাংপর্য লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$

- ক) “মহাশয় যাহা জগদীশ্বরের হাত, তাহা পড়িতে বলিতে
পারে না-ও মূর্খ কী প্রকারে বলিবে? আপনি ব্যস্ত হইবেন
না।”—উদ্ধৃতিটি কার? জগদীশ্বর ও মূর্খ বলতে কাদের
বোঝানো হয়েছে? কোন্ ঘটনাকে কোন্ পরিস্থিতিতে
এখানে জগদীশ্বরের হাত বলা হয়েছে?

- খ) “যখন রমণী পরদুঃখে গলিয়া যায়, কেবল তখনই
রমণীকষ্টে সে স্বর সন্তুষ্ট।”—কোন্ প্রসঙ্গে একথা বলা
হয়েছে? ‘রমণীর পরদুঃখে গলে যাবার’ তাৎপর্য কী?
- গ) “না, না-পরে আবার কেন? শুভকর্মে বিলম্বে কাজ কি?”
—কথাটি কে, কাকে, কোন্ প্রসঙ্গে বলেছিল? শুভ কর্ম
কী? কাজটি পরে করার জন্য বলা হয়েছিল কেন?
- ঘ) “তুই ভাই, কাছে গিয়ে তোর দাদাকে চুপ বল না।”
—কে, কার প্রতি এই উক্তি করেছে? এখানে বক্তৃর কি
মনোভাব প্রকাশ পেয়েছে?
- ঙ) “শিল্পের জগতে পৌরাণিক সত্তার প্রতি বিশ্বাস
গুরুত্বপূর্ণ”—আলোচনা করো।
- চ) “এরূপ বিভাগ না হলে বিপদ ঘটিত”—বিভাগটি
কী? অন্যথা হলে কেন বিপদ ঘটত?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$

- ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের নবকুমার চরিত্র বিশ্লেষণ
করো।
- খ) ‘কপালকুণ্ডলা’-য় সমসাময়িক সমাজ-জীবনের কথা
সুন্দরভাবে ফুটে উঠেছে”—আলোচনা করো।
- গ) ‘একেই কি বলে সভ্যতা?’ প্রহসন হিসেবে কতখানি
সার্থক তা বিচার করো।
- ঘ) ‘পট’ শব্দটির অর্থ কী? বাংলাদেশের পটুয়া শিল্পের
সংক্ষিপ্ত পরিচয় দাও।